সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ হতে জুন ৩০, ২০১৭ পর্যন্ত

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | কোস্ট গার্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ২ | প্রস্তাবনা | ৪ |
| ৩ | সেকশান ১ঃ কোস্ট গার্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশান ২ ঃ কোস্ট গার্ডের বিভিন্ন কার্যক্রমের প্রভাব (Outcome) | ৬ |
| ৫ | সেকশান ৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| ৬ | সংযোজনী ১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| ৭ | সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| ৮ | সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৫ |

## কোস্ট গার্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Bangladesh Coast Guard)

**সাম্প্রতিক অর্জন ঃ**

বাংলাদেশের জলসীমায় জাতীয় স্বার্থ সংরক্ষণে বাংলাদেশ কোস্ট গার্ড সার্বক্ষণিকভাবে নিয়োজিত থেকে বাংলাদেশের জলসীমা বিশেষ করে উপকূল অঞ্চলে অবৈধ কার্যকলাপ পূর্বের তুলনায় হ্রাস করতে পেরেছে। এছাড়া উপকূল অঞ্চলে ১০ম জাতীয় সংসদ নির্বাচন, ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা নির্বাচন, সিটি কর্পোরেশান নির্বাচন, ইউনিয়ন পরিষদ নির্বাচন সাফল্যের সাথে সম্পন্নকরণে অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর সাথে একযোগে কাজ করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড বিগত তিন বছরে ৯১৬ জন জলদস্যু/বনদস্যু, ২০৩ টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ৩৫১০ রাউন্ড তাজা গোলা, ৪৪৭ জন অপহৃত বিপন্ন জেলে ও ২০০ টি বোট উদ্ধার, অবৈধভাবে সমুদ্রপথে বিদেশ গমনকালে ১৫৮৪ জন আটক এবং ৮১ জন মায়ানমার নাগরিককে ০৫ টি মায়ানমার বোটসহ পুশব্যাক করেছে। দ্রুতগতিসম্পন্ন জলযান সংযোজনের ফলে যে কোন পরিস্থিতি মোকাবেলায় কোস্ট গার্ডের প্রতিক্রিয়ার সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ফলে কোস্ট গার্ড বর্তমানে তড়িৎ গতিতে যে কোন অপরাধের মোকাবেলা করতে সক্ষম। জাটকা নিধন প্রতিরোধে কার্যকরী ভূমিকার জন্য পূর্বের তুলনায় ইলিশ উৎপাদন বহুগুণে বৃদ্ধি পেয়েছে।

পটুয়াখালীতে কোস্ট গার্ডের একটি পূর্ণাঙ্গ প্রশিক্ষণ ঘাঁটি “সিজি বেইস অগ্রযাত্রা” গত ১১ ডিসেম্বর ২০১৪ মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেন। বাংলাদেশ কোস্ট গার্ডের সদস্যগণকে অনুপ্রাণিত করার পাশাপাশি তাদের কাজের স্বীকৃতিস্বরূপ গত ১৫ ফেব্রুয়ারি ২০১৫ কোস্ট গার্ডের প্রতিষ্ঠা বার্ষিকীতে মাননীয় প্রধানমন্ত্রী কোস্ট গার্ডকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান করেন।

রাজস্ব বাজেটের আওতায় ০১ টি এইচপিবি গত ১৮ ফেব্রুয়ারি ২০১৪ ও ০৬ টি হাই স্পিড বোট, ০৪ টি ল্যান্ডিং প্লাটফর্ম গত ২৭ ডিসেম্বর ২০১৩ এবং কোস্ট গার্ডকে শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ০২ টি এইচপিবি গত ১৫ মার্চ ২০১৫ ও ০২ টি হাই স্পিড বোট গত ২১ জুন ২০১৫ কোস্ট গার্ডে সংযোজিত হয়েছে এবং ০৮ টি হাই স্পিড বোট সংযোজনের প্রক্রিয়াধীন রয়েছে। কোস্ট গার্ডের অনুমোদিত বেইস/স্টেশান/আউটপোস্টের জন্য উল্লেখযোগ্য পরিমাণ ভূমি অধিগ্রহণ করা হয়েছে এবং প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ**

বাংলাদেশ কোস্ট গার্ডের পরিকল্পনা বাস্তবায়নের অন্যতম সমস্যা ও চ্যালেঞ্জ হলো অপ্রতুল জনবল ও জলযান, সরঞ্জামাদি ও ভূমির স্বল্পতা, ভূমি অধিগ্রহণের জটিলতা, দীর্ঘসূত্রিতা, বাসস্থান ও অন্যান্য অবকাঠামোর স্বল্পতা এবং আর্থিক সীমাবদ্ধতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

উপকূলীয় ও সমুদ্র এলাকার সম্পদ রক্ষা, আহরণ এবং নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে কোস্টগার্ডের প্রাতিষ্ঠানিক দক্ষতা সম্প্রসারণের লক্ষ্যে কক্সবাজার ও পটুয়াখালীতে ০২ টি ঘাঁটি স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। "বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য সমুদ্রগামী জলযান সংগ্রহ ও অন্যান্য অবকাঠামো নির্মাণ" এবং "বাংলাদেশ কোস্ট গার্ডের অপারেশনাল সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পগুলোর অনুমোদন প্রদান করা হয়েছে। গত ২৪ নভেম্বর ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ডের ০৩টি স্টেশানে প্রশসানিক ভবন ও নাবিক নিবাস নির্মাণ শীর্ষক প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।

বাংলাদেশ কোস্ট গার্ডের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জি টু জি প্রক্রিয়ায় ইতালিয়ান নৌবাহিনী হতে ০৪ টি Minerva Class Corvette জাহাজকে Refurbishment এর মাধ্যমে Offshore Patrol Vessel (OPV) এ রূপান্তরকরতঃ ক্রয়ের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে। ১ম ব্যাচের ০২ টি জাহাজ ২০১৬ সালের জুলাই মাসে এবং ২য় ব্যাচের ০২ টি জাহাজ ২০১৭ সালের জুলাই মাসে কোস্ট গার্ড ফ্লিটে সংযুক্ত হবে।

কোস্ট গার্ডের সাংগঠনিক কাঠামোতে উল্লেখযোগ্য সংখ্যক জোন/বেইস/স্টেশান/আউটপোস্ট অন্তর্ভূক্ত এবং প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারি ২০১৫ কোস্ট গার্ডের জন্য ৫৫ সদস্য বিশিষ্ট একটি বাদকদল গঠনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। গত ২০ ডিসেম্বর ২০১৫ সুন্দরবন জোন ও ০১ টি বেইস স্থাপনের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। গত ২৫ মে ২০১৫ বাংলাদেশ কোস্ট গার্ডের এরিয়াল সার্ভাইলেন্সের সক্ষমতা বৃদ্ধির জন্য ০২ টি মিডিয়াম সাইজের মেরিটাইম ভার্সন রেসকিউ হেলিকপ্টারসহ একটি এভিয়েশান উইং চালু করার নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে।

বাংলাদেশের সমুদ্র ও উপকূলীয় এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা করাসহ সমুদ্র এলাকায় সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড তার উপর অর্পিত দায়িত্ব পালনের নিমিত্তে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী তিনটি স্তরে কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করেছে। বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক ইতিপূর্বে প্রণীত কোস্ট গার্ডকে যুগোপযোগীকরণ পরিকল্পনা রূপকল্প-২০৩০ এর আলোকে আলোচ্য কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**২০১৬-২০১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ**

- মানব পাচারের বিরুদ্ধে অভিযান জোরদারের মাধ্যমে আটকের সংখ্যা সর্বোচ্চ ১০০ জনের মধ্যে সীমিতকরণ।
- উপকূলবর্তী এলাকায় নিরাপত্তা বিষয়ক ১৯,১০০ অভিযান পরিচালনা।
- উপকূলীয় অঞ্চলে অপরাধী আটক ২৪০ এ হ্রাসকরণ।
- উপকূলীয় অঞ্চলে জেলে অপহরণ ১২০ এ হ্রাসকরণ।
- প্রাকৃতিক বিপর্যয়ে সর্বোচ্চ ২০ টি উদ্ধার অভিযান পরিচালনা।

## প্রস্তাবনা/উপক্রমনিকা

বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলো ঃ

# সেকশান ১

## কোস্ট গার্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ঃ

### ১.১ রূপকল্প (Vision) ঃ

নিরাপদ জলসীমা নিশ্চিতকরণ এবং জাতীয় স্বার্থ রক্ষায় অঙ্গীকারাবদ্ধ।

### ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

বাংলাদেশের জাতীয় জলসীমা ও উপকূলীয় অঞ্চলে জলদস্যুতা দমন, অবৈধ পাচার রোধ, মৎস্য, তেল, গ্যাস ও বনজ সম্পদ রক্ষাসহ পরিবেশ দূষণ প্রতিরোধ, সমুদ্র বন্দরের নিরাপত্তা প্রদানের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তা প্রদান, প্রাকৃতিক দুর্যোগকালে উপকূলীয় এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ পরিচালনা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

#### ১.৩.১ কোস্ট গার্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ।
২। চোরাচালান প্রতিরোধ, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণের বিরুদ্ধে অভিযান পরিচালনা।
৩। উপকূলীয় এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ।
৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন প্রতিরোধ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৪। কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
৫। কর্ম পরিবেশ উন্নয়ন।
৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions) ঃ

১। বাংলাদেশের জাতীয় স্বার্থ সংরক্ষণ করা।
২। যুদ্ধকালীন সময়ে বাংলাদেশ নৌবাহিনীকে সহায়তা করা।
৩। সমুদ্র বন্দরে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করা।
৪। নাশকতামূলক ও সন্ত্রাসমূলক কার্যকলাপ প্রতিরোধ ও দমন করা এবং এতদুদ্দেশ্যে অন্যান্য কর্তৃপক্ষকে সহায়তা করা।
৫। বাংলাদেশের জলসীমা দিয়ে বাংলাদেশে অবৈধ অনুপ্রবেশ বা বাংলাদেশ হইতে অবৈধ গমন প্রতিরোধ করা এবং মানব পাচার প্রতিরোধ করা।
৬। প্রাকৃতিক দুর্যোগকালে ত্রাণ ও উদ্ধারকার্যে অংশ গ্রহণ করা এবং দুর্ঘটনা কবলিত নৌযান, মানুষ এবং মালামাল উদ্ধার করা।
৭। কোন নৌযান বা উহাতে অবস্থানরত ব্যক্তির ব্যাপারে আদালত বা অন্যবিধ কর্তৃপক্ষের পরোয়ানা বা অন্য কোন আদেশ বলবৎ করা।
৮। পরিবেশ দূষণকারী কার্যকলাপ অনুসন্ধান এবং উহা প্রতিরোধের ব্যবস্থা করা।
৯। মাদকদ্রব্য পাচার এবং চোরাচালান প্রতিরোধ করা।
১০। অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা।
১১। প্রাকৃতিক দুর্যোগকালে সতর্কবাণীসহ অন্যান্য তথ্য বেতার বা অন্য কোন মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
১২। নিয়মিত টহল দেওয়া ও এতদ্‌সম্পর্কিত দায়িত্ব পালন।
১৩। কর্মরত ব্যক্তিগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং
১৪। সময় সময়, সরকার কর্তৃক নির্দেশিত অন্য কোন দায়িত্ব সম্পাদন করা।

## সেকশান ২

### কোস্ট গার্ডের আউটকাম (Outcome) ঃ

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন (Performance Indicators) | একক (Unit) | ভিত্তি বছর ২০১৪-১৫ | প্রকৃত * ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। উপকূলীয় এলাকায় টহল অভিযান বৃদ্ধি | [১.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ১৮১৪৬ | ১৫৯৪৪ | ১৯১০০ | ১৯২০০ | ১৯৩০০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |
| | {১.২} আটককৃত অপরাধী | সংখ্যা | ২৬৩ | ২২৬ | ২৪০ | ২৩০ | ২২০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ২। উপকূলীয় এলাকায় অবৈধ কার্যকলাপ হ্রাস | [২.১] উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | মূল্য (কোটি) | ৫০.৭৮ | ৫৮.১৯ | ৬০.০০ | ৫৫.০০ | ৫০.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ৩। অবৈধভাবে মৎস্য আহরণ হ্রাস | [৩.১] উদ্ধারকৃত কারেন্ট জাল | বঃমিঃ (কোটি) | ২২.০৬ | ১৫.৬৯ | ১৯.০০ | ১৭.০০ | ১৬.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২] উদ্ধারকৃত জাটকা | কেজি (লক্ষ) | ৩.১৮ | ১.৩২ | ২.৫০ | ২.২৫ | ২.০০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |
| ৪। মানব পাচার রোধ | [৪.১] হ্রাসকৃত মানব পাচার | সংখ্যা | ৪৮০ | ০০ | ১০০ | ৯০ | ৮০ | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন |

* সাময়িক (Provisional) তথ্য

## সেকশান ৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর ২০১৪-২০১৫ (Base Year) | প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY2 2016-2017) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| কোস্ট গার্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১। বাংলাদেশের জলসীমা সংলগ্ন সীমান্ত টহল ও নিরাপত্তা জোরদারকরণ | ২৫ | {১.১}উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল অভিযান | {১.১.১}পরিচালিত অভিযান | সংখ্যা | ৭ | ১৮১৪৬ | ১৫৯৪৪ | ১৯১০০ | ১৮৮৭০ | ১৮৬৩০ | ১৮৩৯০ | ১৮১৪৬ | ১৯২০০ | ১৯৩০০ |
| | | | {১.১.২} আটককৃত অপরাধী | সংখ্যা | ৫ | ২৬৩ | ২২৬ | ২৪০ | ২৪৫ | ২৫০ | ২৫৫ | ২৬৩ | ২৩০ | ২২০ |
| | | | {১.১.৩} উদ্ধারকৃত অবৈধ অস্ত্র | সংখ্যা | ৪ | ২৪ | ৬০ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৩৫ | ৩০ |
| | | | {১.১.৪} উদ্ধারকৃত তাজা গোলা | সংখ্যা | ৩ | ১২৩০ | ১১৫৮ | ১১৫০ | ১১৭০ | ১১৯০ | ১২১০ | ১২৩০ | ১১০০ | ১০৫০ |
| | | {১.২}প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম | {১.২.১}সাড়া প্রদানকৃত সময় | মিনিট /কি:মি: | ৩ | ২.৩০ | ২.২০ | ২.২৫ | ২.২৬ | ২.২৭ | ২.২৮ | ২.৩০ | ২.২৪ | ২.২৩ |
| | | | {১.২.২}দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | সংখ্যা | ৩ | ৩৫ | ০৮ | ২০ | ২৩ | ২৭ | ৩১ | ৩৫ | ১৮ | ১৬ |
| ২। চোরাচালান প্রতিরোধ, বনজ সম্পদ পাচার, ডাকাতি, দস্যুতা এবং অপহরণের বিরুদ্ধে অভিযান পরিচালনা | ২৫ | {২.১}উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | {২.১.১} উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | মূল্য (কোটি) | ৬ | ৫০.৭৮ | ৫৮.১৯ | ৬০.০০ | ৫৭.৫০ | ৫৫.০০ | ৫২.৫০ | ৫০.৭৮ | ৫৫ | ৫০ |
| | | | {২.১.২} উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য | মূল্য (কোটি) | ৬ | ৩৮.৩১ | ৭২.২৫ | ৫০.০০ | ৪৭.০০ | ৪৪.০০ | ৪১.০০ | ৩৮.৩১ | ৪৫.০০ | ৪০.০০ |
| | | | {২.১.৩} উদ্ধারকৃত অবৈধ বনজ সম্পদ | মূল্য (কোটি) | ৬ | ৪.০৫ | ৪.৯৮ | ৫.০০ | ৪.৭০ | ৪.৪০ | ৪.০০ | ৪.০৫ | ৪.৭৫ | ৪.৫০ |
| | | {২.২}উপকূলীয় অঞ্চলে জেলেদের নিরাপত্তা প্রদান | {২.২.১}উদ্ধারকৃত অপহৃত বিপন্ন জেলে | সংখ্যা | ৪ | ১০৩ | ১০৩ | ১২০ | ১১৫ | ১১১ | ১০৭ | ১০৩ | ১১৫ | ১১০ |
| | | | {২.২.২} উদ্ধারকৃত অপহৃত বোট | সংখ্যা | ৩ | ০৬ | ০৫ | ১৫ | ১২ | ১০ | ০৮ | ০৬ | ১৩ | ১০ |
| ৩। উপকূলীয় এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ | ২০ | {৩.১}মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম | {৩.১.১} উদ্ধারকৃত কারেন্ট জাল | বঃমিঃ (কোটি) | ৮ | ২২.০৬ | ১৫.৬৯ | ১৯.০০ | ২০.০০ | ২১.০০ | ২২.০০ | ২২.০৬ | ১৭.০০ | ১৬.০০ |
| | | | {৩.১.২} উদ্ধারকৃত অন্যান্য জাল | বঃমিঃ (কোটি) | ৫ | ৫.৮০ | ১.৯৩ | ৪.৫০ | ৪.৭৫ | ৫.০০ | ৫.২৫ | ৫.৮০ | ৪.২৫ | ৪.০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তি বছর ২০১৪-২০১৫ (Base Year) | প্রকৃত অর্জন ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY2 2016-2017) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| | | | {৩.১.৩} উদ্ধারকৃত জাটকা | কেজি (লক্ষ) | ৪ | ৩.১৮ | ১.৩২ | ২.৫০ | ২.৬৫ | ২.৮০ | ৩.০০ | ৩.১৮ | ২.২৫ | ২.০০ |
| | | | {৩.১.৪} উদ্ধারকৃত চিংড়ি পোনা | পিস (কোটি) | ৩ | ১৬.৬৬ | ২.২১ | ৬.০০ | ৮.৫০ | ১১.০০ | ১৩.৫০ | ১৬.৬৬ | ৫.৫০ | ৫.০০ |
| ৪। বাংলাদেশের জলসীমা দিয়ে অবৈধ গমনাগমন প্রতিরোধ | ১০ | {৪.১}উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম | {৪.১.১}হ্রাসকৃত মানব পাচার | সংখ্যা | ৬ | ৪৮০ | ০০ | ১০০ | ১৯৫ | ২৯০ | ৩৮৫ | ৪৮০ | ৯০ | ৮০ |
| | | | {৪.১.২}}হ্রাসকৃত অবৈধ অনুপ্রবেশ (রোহিঙ্গা) | সংখ্যা | ৪ | ৫৯ | ০০ | ৩০ | ৩২ | ৩৪ | ৩৬ | ৫৯ | ২৮ | ২৫ |

# কোস্ট গার্ডের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম -১ | কলাম -২ | কলাম -৩ | কলাম -৪ | | কলাম -৫ | কলাম -৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৬-২০১৭ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়ে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রদিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |

| কলাম -১ | কলাম -২ | কলাম -৩ | কলাম -৪ | | কলাম -৫ | কলাম -৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৬-২০১৭ | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১০ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশান মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

<u>**অঙ্গীকারনামা**</u>

আমি, রিয়ার এডমিরাল আবু মোজাফ্ফর মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি, মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ডের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

২৯/০৬/২০১৬
.........................................................
তারিখ

এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী
রিয়ার এডমিরাল
মহাপরিচালক
বাংলাদেশ কোস্ট গার্ড

২৯.৬.২০১৬
.........................................................
তারিখ

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

## শব্দসংক্ষেপ (Acronyms)ঃ

| ক্রমিক | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | বি সি জি | বাংলাদেশ কোস্ট গার্ড |
| ২ | জেড সি এস | জোনাল কমান্ডার সাউথ |
| ৩ | জেড সি ই | জোনাল কমান্ডার ইস্ট |
| ৪ | জেড সি ডব্লিউ | জোনাল কমান্ডার ওয়েস্ট |
| ৫ | জেড সি ডি | জোনাল কমান্ডার ঢাকা |
| ৬ | সি জি এস | কোস্ট গার্ড শিপ |
| ৭ | ও পি ভি | অফশোর পেট্রোল ভেসেল |
| ৮ | আই পি ভি | ইনশোর পেট্রোল ভেসেল |
| ৯ | সি পি ভি | কোস্টাল পেট্রোল ভেসেল |
| ১০ | আর পি ভি | রিভারাইন পেট্রোল ভেসেল |
| ১১ | এফ পি ভি | ফাস্ট পেট্রোল ভেসেল |
| ১২ | এইচ পি বি | হারবার পেট্রোল বোট |
| ১৩ | এইচ এস বি | হাই স্পিড বোট |

## সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা এবং পরিমাপণ পদ্ধতি এর বিবরণ ঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| {১.১}উপকূলীয় অঞ্চলের দায়িত্বাধীন এলাকাসমূহে টহল অভিযান | {১.১.১}পরিচালিত অভিযান | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {১.১.২} আটককৃত অপরাধী | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনার মাধ্যমে সংশ্লিষ্ট অপরাধীকে চিহ্নিত ও আটক করে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {১.১.৩} উদ্ধারকৃত অবৈধ অস্ত্র | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় জলদস্যুতা ও বনদস্যুতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {১.১.৪} উদ্ধারকৃত তাজা গোলা | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় জলদস্যুতা ও বনদস্যুতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {১.২}প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ধার ও সেবামূলক কার্যক্রম | {১.২.১}সাড়া প্রদানকৃত সময় | প্রাকৃতিক দুর্যোগ এবং দুর্ঘটনায় জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে প্রতিটি দুর্যোগ ও দুর্ঘটনায় কোস্ট গার্ডের জাহাজ ও হাই স্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে দুর্যোগ প্রতিরোধসহ উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {১.২.২}দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | কোস্ট গার্ডের জাহাজ ও আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাই স্পিড বোটসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে তাৎক্ষনিকভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {২.১}উপকূলবর্তী এলাকায় অবৈধ কার্যকলাপ প্রতিরোধমূলক কার্যক্রম | {২.১.১} উদ্ধারকৃত অবৈধ চোরাচালান পণ্য | উপকূলীয় অঞ্চলে চোরাচালান প্রতিরোধে দিবারাত্রি কোস্ট গার্ডের জাহাজ ও বোটসমূহের মাধ্যমে টহল প্রদান করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {২.১.২} উদ্ধারকৃত অবৈধ মাদকদ্রব্য | দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উপকূলীয় অঞ্চলসমূহে কোস্ট গার্ডের টহল কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে অবৈধভাবে মাদকদ্রব্য পাচার প্রতিরোধ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | {২.১.৩} উদ্ধারকৃত অবৈধ বনজ সম্পদ | সুন্দরবনসহ দেশের উপকূলীয় অঞ্চলে বনজ সম্পদ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {২.২}উপকূলীয় অঞ্চলে জেলেদের নিরাপত্তা প্রদান | {২.২.১}উদ্ধারকৃত অপহৃত বিপন্ন জেলে | সুন্দরবনসহ দেশের উপকূলীয় এলাকায় জেলেদের নিরাপত্তার জন্য নিয়মিত কোস্ট গার্ডের অভিযান কার্যক্রম পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {২.২.২} উদ্ধারকৃত অপহৃত বোট | কোস্ট গার্ডের টহলরত জাহাজ ও বোট দ্বারা বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে কর্মরত জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {৩.১}মৎস্য আহরণ প্রতিরোধমূলক কার্যক্রম | {৩.১.১} উদ্ধারকৃত কারেন্ট জাল | দেশের সামগ্রিক মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপকূলীয় অঞ্চলে দিবা-রাত্রি জাহাজ ও বোট পেট্রোলের মাধ্যমে অবৈধভাবে মৎস্য আহরণ প্রতিরোধ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.২} উদ্ধারকৃত অন্যান্য জাল | বাংলাদেশের উপকূলীয় অঞ্চলসহ বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় সামুদ্রিক মৎস্য সম্পদ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.৩} উদ্ধারকৃত জাটকা | ইলিশ মাছ রক্ষায় জাটকা নিধন প্রতিরোধ অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৩.১.৪} উদ্ধারকৃত চিংড়ি পোনা | দেশের সামগ্রিক মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবৈধভাবে চিংড়ি পোনা নিধনরোধে নিয়মিত টহল ও নজরদারী বৃদ্ধি করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| {৪.১}উপকূলীয় এলাকায় মানব পাচার ও রোহিঙ্গা অনুপ্রবেশ প্রতিরোধমূলক কার্যক্রম | {৪.১.১}হ্রাসকৃত মানব পাচার | দেশের উপকূলীয় এলাকায় মানব পাচার রোধে নিয়মিত টহল পরিচালনা করা হয় এবং টহল কার্যক্রম সংক্রান্ত রিপোর্টের ভিত্তিতে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয়। এছাড়া কোস্ট গার্ডের পেট্রোল ক্রাফট এবং আধুনিক দ্রুতগতিসম্পন্ন হাই স্পিড বোট সার্বক্ষণিক অবৈধভাবে সমুদ্রপথে মানব পাচার প্রতিরোধে টহলে নিয়োজিত রয়েছে | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| | {৪.১.২}}হ্রাসকৃত অবৈধ অনুপ্রবেশ (রোহিঙ্গা) | উপকূলীয় এলাকায় অবৈধ অনুপ্রবেশরোধে নিয়মিত টহল পরিচালনা করা হয় এবং টহল কার্যক্রম সংক্রান্ত রিপোর্টের ভিত্তিতে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | পূর্ব জোন, পশ্চিম জোন, দক্ষিণ জোন, ঢাকা জোনের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট মন্ত্রনালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুণ | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সংস্থা | বাংলাদেশ পুলিশ | আটককৃত মালামাল ও অপরাধী | আটককৃত মালামাল ও অপরাধী গ্রহণ ও উপকূলীয় অঞ্চলের চিহ্নিত অপরাধীদের গ্রেফতারকরণ | উপকূলীয় অঞ্চলের অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা | ৮৫% | অপারেশানাল কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি ও উপকূলীয় অঞ্চলে অপরাধ প্রবণতা হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| | বর্ডার গার্ড বাংলাদেশ | মানব পাচার হ্রাসকরণ | মানব পাচার প্রতিরোধে তথ্যের আদান প্রদানসহ যৌথ অভিযান পরিচালনা | মানব পাচার প্রতিরোধে বাহিনীর মধ্যে অবাধ তথ্যের আদান-প্রদান ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সঠিক সময়ে সঠিক তথ্যের ভিত্তিতে বাহিনীর দ্রুত পদক্ষেপেই মানব পাচারের হার কমবে | ৮০% | মানব পাচার রোধে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| | মৎস্য অধিদপ্তর | অবৈধ মৎস্য আহরণ | অবৈধ মৎস্য আহরণরোধে মৎস্যজীবীদের আর্থিক প্রণোদনামূলক বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাকরণ | মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান তৈরী না হলে নিষিদ্ধ মৌসুমে মৎস্যজীবীরা অবৈধভাবে মৎস্য আহরণ করতে পারে | ৮০% | অবৈধ মৎস্য আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| | বন বিভাগ | বনজ সম্পদ সংরক্ষণ | আটককৃত বনজ সম্পদ গ্রহণ এবং বনজ সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান ও বনজ সম্পদ রক্ষায় উদ্বুদ্ধকরণ | বনজ সম্পদ রক্ষায় সহযোগিতা বৃদ্ধি পাবে | ৮০% | অবৈধভাবে বনজ সম্পদ আহরণ হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |
| | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | অবৈধ মাদ্রকদ্রব্য | আটককৃত অবৈধ মাদ্রকদ্রব্য গ্রহণ ও যৌথ অভিযান পরিচালনা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাথে যৌথ অভিযান পরিচালনায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান গতিশীল হবে | ৮০% | মাদকদ্রব্য পাচার হ্রাসে বিঘ্ন সৃষ্টি হতে পারে |